

# আনিসুল হকের কুলখানি আজ

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৫:২১ এএম, ০৬ ডিসেম্বর ২০১৭



সদ্য প্রয়াত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের কুলখানি আজ বুধবার বাদ আসর গুলশানের আজাদ মসজিদে অনুষ্ঠিত হবে।

পরিবারের পক্ষ থেকে এ কুলখানি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

কুলখানিতে অংশ নিতে আত্মীয়-স্বজন, শুভানুধ্যায়ীসহ সকলকে অনুরোধ জানানো হয়েছে সদ্য প্রয়াত মেয়রের পরিবারের পক্ষে থেকে।

উল্লেখ্য, গত ২৯ জুলাই ব্যক্তিগত সফরে সপরিবার যুক্তরাজ্যে যান মেয়র আনিসুল হক। সেখানে অসুস্থ হয়ে পড়লে ১৩ আগস্ট তাকে হাসপাতালে ভর্তি করা হয়। পরীক্ষা-নিরীক্ষার পর তার শরীরে মস্তিষ্কের প্রদাহজনিত রোগ ‘সেরিব্রাল ভাস্কুলাইটিস’ শনাক্ত করেন চিকিৎসকেরা।

এরপর তাকে দীর্ঘদিন আইসিইউতে রেখে চিকিৎসা দেয়া হচ্ছিল। একপর্যায়ে মেয়রের শারীরিক পরিস্থিতির কিছুটা উন্নতি হওয়ায় তার কৃত্রিম শ্বাসযন্ত্র খুলে নেয়া হয়। পরবর্তীতে রক্তে সংক্রমণ ধরা পড়ায় তাকে আবার আইসিইউতে নেয়া হয়।

বাংলাদেশ সময় গত বৃহস্পতিবার রাতে মারা যান মেয়র আনিসুল হক। শনিবার বিকেল বনানী কবরস্থানে ছোট ছেলে শারাফুল হকের কবরে দাফন সম্পন্ন হয় আনিসুল হকের।

এএস/এনএফ/আইআই